**Ref: MIL/BSE/NSE/25**
**Date: September 27, 2025**

| | |
|---|---|
| **BSE Limited**<br>**Department of Corporate Services**<br>**P. J. Towers, 25th Floor,**<br>**Dalal Street,**<br>**Mumbai- 400001** | **National Stock Exchange of India Ltd**<br>**Exchange Plaza, C-1, Block-G**<br>**Bandra Kurla Complex,**<br>**Bandra (E)**<br>**Mumbai- 400051** |
| **BSE Security Code: 539400** | **NSE Symbol: MALLCOM** |

Dear Sir/Madam,

**Subject: Newspaper Publication of Notice to Shareholders – Pursuant to "Saksham Niveshak" Campaign**

Pursuant to Regulation 30 read with Schedule III, Part A, Paragraph A, and Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find enclosed copies of the newspaper advertisements published today as a Notice to Shareholders – Pursuant to "Saksham Niveshak" Campaign, in the following newspapers:

- *Business Standard* (English – All Editions)
- *Sukhabar* (Bengali – Kolkata Edition)

This is for your kind information and record.

Yours Sincerely,
For **Mallcom (India) Ltd.**

Gaurav Raj Digitally signed by Gaurav Raj
Date: 2025.09.27 16:37:51
+05'30'

**Gaurav Raj**
***Company Secretary & Compliance Officer***


# Kalyani ties up with BEML, Data Patterns for Amca stealth jet race

BHASWAR KUMAR
New Delhi, 26 September

Bharat Forge Ltd, part of the $3.5 billion Kalyani Group, is partnering with state-run BEML Ltd and private-sector defence and aerospace electronics firm Data Patterns (India) to respond to the Expression of Interest (EoI) notice issued by the Aeronautical Development Agency (ADA) for developing and producing the prototype of India's first indigenous fifth-generation stealth fighter jet — the Advanced Medium Combat Aircraft (Amca), sources told *Business Standard* on condition of anonymity.

The three firms will participate in the Amca programme as a consortium, with Bharat Forge in the lead, the sources said, adding that a memorandum of understanding was signed on Friday.

Pune-headquartered Bharat Forge is a private sector defence player, having secured both domestic and export orders for heavy artillery systems, with a footprint in armoured vehicles and, more recently, small jet engines. Bengaluru-headquartered BEML is a 'Schedule A' company under the Ministry of Defence (MoD), operating across the defence, railways, mining, and construction sectors. Chennai-headquartered Data Patterns, another private sector company, provides indigenous solutions in the areas of radars, electronic warfare, avionics, glass cockpit displays, automatic test equipment, communication systems, and fire control systems.




Full-scale model of the Advanced Medium Combat Aircraft, which was showcased at the 15th edition of Aero India in Bengaluru in February this year PHOTO: PIB

"The government envisions the Amca programme as a pathway to establish a parallel fighter jet production line — one that necessitates significant private sector involvement, either through tie-ups with Hindustan Aeronautics Limited (HAL) or other public and private firms," the sources said.

The main contenders have finalised their strategies ahead of the September 30 deadline to respond to the EoI, issued in June by the Amca's design agency — the ADA, an autonomous body under the MoD — to shortlist Indian companies capable of building prototypes of the stealth jet and supporting its testing and certification.

The ADA's EoI marks only the qualification stage. Once responses are evaluated, the agency will issue a request for quotation to build five prototypes and one structural test specimen. The first flight of the Amca prototype is expected by end of 2028 or 2029, a defence source had earlier told *Business Standard*. Series production is expected to begin around 2035, with the Indian Air Force likely to induct seven squadrons — totalling 126 Amca jets.

Private defence majors such as the Kalyani Group, Larsen & Toubro (L&T), the Tata group, the Adani Group, and the Mahindra group are keen to participate in the programme. Defence public sector undertaking (DPSU) HAL, which has served as the default domestic production agency for combat aircraft, is also in the running.

L&T on Wednesday announced a strategic partnership with state-run aerospace and defence electronics firm Bharat Electronics Limited (BEL), with the consortium set to compete in the Amca EoI process.

"Both L&T and Bharat Forge have brought electronics partners on board — unsurprising, given how heavily an advanced fighter's capabilities depend on sensors and mission electronics. With the stealth shaping and airframe already designed, and the engine largely outside the scope of the contenders, the competitive edge may well lie in efficient systems and avionics integration," said another source.

Tata Advanced Systems (TASL) may participate independently, sources had earlier told *Business Standard*.

The ADA EoI followed the MoD's late-May approval of an execution model that gives both private and public Indian defence firms equal opportunity to compete for the Amca programme — whether independently, as joint ventures, or as consortia. This marks a departure from long-standing convention, and is seen as the first concrete opportunity to break HAL's monopoly in combat aircraft manufacturing, potentially opening the door to a private-sector fighter jet producer.

# 'BSNL crossed operating profit of ₹5K cr in FY26'

AASHISH ARYAN
New Delhi, 26 September

State-run telecom company Bharat Sanchar Nigam Limited (BSNL) has surpassed an operating profit of ₹5,000 crore in the current financial year, up from ₹2,300 crore in the previous year, Union Minister for Communications Jyotiraditya Scindia said on Friday.

"This means that BSNL is generating cash flow now. In terms of the number of subscribers, we have gone from 8.7 crore to 9.1 crore. For the first time, there has been an increase in the number of subscribers. For 4G alone, we had 9,000 sites as of June last year. Today, we have 98,000 sites," he said. Overall, BSNL is serving more than 22 million people across the country now, he added.

The government-owned telecom company has invested close to ₹25,000 crore in capital expansion, its highest ever till date, Scindia said. He was speaking to the media before the India-wide rollout of the telecom firm's 4G network.

The rollout, which will be presided over by Prime Minister Narendra Modi on Saturday, will see the state-run telecom company join the likes of the three other private telecom companies that provide commercial 4G and 5G services in the country.

The launch of 4G, which will utilise a full-indigenously developed software and hardware stack, will position India alongside countries such as Sweden, South Korea, China, and Denmark, which have developed their full stack within their own borders, he said.



**Jyotiraditya Scindia, Union minister for communications**

On Saturday, the government will also roll out India's 100% 4G saturation network through Digital Bharat Nidhi (DBN), where close to 29,000 villages have been connected as part of the 4G saturation project and other DBN initiatives, Scindia said.

Speaking at the event, Telecom Secretary Neeraj Mittal said that DBN had been central to enhancing rural connectivity.

"India now stands at the cusp of a defining moment in global telecommunications. What seemed impossible just four years ago has now been made a reality through focused execution and unwavering commitment," Mittal said.

On August 15, the public sector unit had announced a soft launch of its 4G services in the national capital telecom circle.

The 4G-as-a-service for BSNL is currently being delivered to telecom company users through a partner's network access arrangement that provides last-mile radio coverage on compatible 4G devices.

Earlier this year in July, Scindia had expressed hope that BSNL would report a healthy operating cash flow in the coming quarters on the back of strengthened 4G offerings and services.

During a review meeting of BSNL, Scindia had also urged the firm to raise the weighted average revenue per user (Arpu) by at least 50 per cent and to grow the enterprise business by 25-30 per cent per strategic business unit over the next year.

# Tata Motors announces leadership transition amid demerger plans

ANJALI SINGH
Mumbai, 26 September

Tata Motors on Friday announced a series of high-profile leadership changes as it prepares to demerge its commercial vehicle business into a new listed entity, TML Commercial Vehicles Limited (TMLCV), effective October 1, 2025.

At the center of the transition are three key moves Girish Wagh, Executive Director and Key Managerial Personnel (KMP) of Tata Motors, has resigned from his role effective October 1, 2025. He will take charge as Managing Director & CEO of TMLCV, the new entity carved out to house the commercial vehicle business.

Shailesh Chandra who currently heads Tata Passenger Electric Mobility, has been appointed as Managing Director & CEO of Tata Motors for a three-year term beginning October 1, 2025. Chandra will oversee the company's passenger and electric vehicle businesses, marking a clear strategic focus on electrification and growth in the consumer segment.



Shailesh Chandra to be managing director & CEO of Tata Motors; Girish Wagh will take charge as MD & CEO of TMLCV

P B Balaji, group chief financial officer (CFO) and KMP, will step down on November 17, 2025, to become CEO of Jaguar Land Rover Automotive Plc, UK. He will join Tata Motors' Board as a non-executive, non-independent director on the same day. He would be on the boards of both the passenger and commercial vehicle units (TMLCV). The company also confirmed that Dhiman Gupta will succeed Balaji as Chief Financial Officer and KMP from November 17.These changes come as Tata Motors aligns leadership with its new corporate structure, following the approval of a Composite Scheme of Arrangement by the National Company Law Tribunal. The demerger will give Tata Motors shareholders one equity share of TMLCV for every one equity share held in Tata Motors. The leadership shuffle is done to give sharper management focus to each of its core verticals commercial vehicles, passenger cars, and electric mobility while strengthening synergies with Jaguar Land Rover.

**MALLCOM (INDIA) LIMITED**
CIN: L51109WB1983PLC037008
Registered Office: EN-12, Sector-V, Salt Lake City, Kolkata-700 091
Website: www.mallcom.in; E-mail: investors@mallcom.in; Tel: +913340161000

**Notice to Shareholders – Pursuant to "Saksham Niveshak" Campaign**

In accordance with the letter dated July 16, 2025, issued by the Investor Education and Protection Fund Authority (IEPFA), Ministry of Corporate Affairs (MCA), the Company hereby informs all shareholders who have not claimed their dividends, or who have not updated their KYC details, bank mandates, nominee information, or are facing any issues related to unclaimed dividends, to contact the Company's Registrar and Share Transfer Agent (RTA), Niche Technologies Pvt. Ltd., located at 3A, Auckland Place, 7th Floor, Room No. 7A & 7B, Kolkata – 700017, via email at nichetechpl@nichetechpl.com or by phone at (033) 2280 6616 / 17 / 18, and also email the Company at investors@mallcom.in. This initiative forms part of the "Saksham Niveshak" campaign aimed at facilitating shareholders in updating their records and claiming any unpaid or unclaimed dividends to avoid such amounts being transferred to the IEPFA.

For **Mallcom (India) Ltd.**
**Sd/-**
**Gaurav Raj**
**Company Secretary & Compliance Officer**

Place: Kolkata
Date: 26/09/2025

# Old gold exchange best way to buy jewellery, says Tanishq

AKSHARA SRIVASTAVA
New Delhi, 26 September

Amid skyrocketing gold prices and with the wedding season on the anvil, the country's largest jewellery retailer, Tanishq, believes gold jewellery exchange will help drive growth in coming months.

Arun Narayan *(pictured)*, who is currently senior vice president of category, marketing and retail, at the brand, is set to take over as the chief executive officer of Titan Company's jewellery division from January 1, 2026.

"With the rise of gold rates, we believe that exchange is the best way to buy new jewellery. Recycling old jewellery, which has been sitting in lockers, will hopefully bring a lot of people back into the category who were shying away from purchases due to high rates," Narayan told *Business Standard*.



It will help increase volumes by unlocking the big friction point of rates, he said, adding that exchange's contribution to overall business has risen by 4-5 per cent between April and September this year.

The brand has tied up with cricketer Sachin Tendulkar to encourage jewellery exchange among customers.

"We are going in with all guns blazing and are expecting a good December quarter, which will have the festival and wedding season. Moreover, steps taken on GST will put more money into people's hands, which will also get them in the mood to spend," he said.

Narayan was speaking at the launch of the Rivaah wedding lounge, spread across 10,200 square feet, at New Delhi's South Extension market.

"Increasingly now, we are seeing brides becoming the narrators of their weddings, where they want to express their individuality. We felt the need to create a unique, experiential space for brides today, that offers not just jewellery but also personalisation, design expertise, trousseau creation, and styling services," he said.

# Working on plan for debt resolution: McLeod Russel MD

ISHITA AYAN DUTT
Kolkata, 26 September

With National Asset Reconstruction Company Limited (NARCL) taking over the bulk of its debt, tea producer McLeod Russel India is working on a resolution plan that could pave the way for restructuring and turnaround.

Responding to shareholder queries at the company's annual general meeting (AGM) on Friday, McLeod Russel Chairman and Managing Director Aditya Khaitan said the company was fortunate NARCL was able to take over the debt from the majority of the banks.

"Your company is engaging with them to come up with a resolution so that it can get back on track and then restructure itself. I am hopeful that should happen in the next quarter or maybe four months," he said.

The consortium of lenders of McLeod Russel had assigned the loan accounts/financial assets together with all underlying securities, guarantees, rights, title and interest for all exposures in favour of NARCL jointly, by way of a Joint Assignment Agreement on March 12, 2025.

The lenders comprise ICICI Bank Limited, State Bank of India, HDFC Bank Limited, Axis Bank Limited, Punjab National Bank, UCO Bank, Indian Bank and RBL Bank Limited.

# Accenture's muted guidance throws light on challenges for Indian IT sector

AVIK DAS
Bengaluru, 26 September

Accenture's guidance of 2-5 per cent growth for its next financial year indicates that the IT demand environment continues to remain subdued in the face of tariffs and macroeconomic uncertainties and there is still a long road before some signs of light at the end of the tunnel.

What makes it all the more concerning is it comes against the backdrop of the world's largest IT services company reporting a 7 per cent growth in its fourth quarter ended August 31 and for the full year. The fact



### On steady path

- Accenture revenue growth for FY26 projected between two and five per cent
- Total bookings for FY25 was about $80 billion
- Working on 6,000 advanced AI projects, which include Gen AI and agentic AI
- Revenue from such projects at about $2.7 billion, up from nothing two years ago

waiting for more clarity to emerge before going full throttle in newer technology areas.

deterioration," chief executive officer Julie Sweet said in an earnings conference call on Friday. The reason Accenture

transformative deals, that does bump up the revenue but also undercuts margins, because such deals are essentially one to drive down cost and improve efficiency.


"We did so against a macroeconomic backdrop that did not improve over FY24," Sweet added.

Accenture stood out from its Indian peers when it comes to advanced AI— a term it will use going ahead to cover generative AI (Gen AI), agentic AI, and physical AI. Bookings from that sector almost doubled to $5.9 billion for the last financial year, compared to a year earlier, while revenue tripled to $2.7 bil-

**In fast or fragile markets, insight brings perspective.**

Decode market moves with sharp, fast, expert analysis — *every day* with **Stocks in the News** in Business Standard.

To book your copy, SMS **reachbs** to **57575** or email **order@bsmail.in**



Business Standard
Insight Out

# যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ফের মদের আসর প্রতিবাদ করায় নিরাপত্তারক্ষীকে মারধর




**উজ্জ্বল দত্ত, কলকাতা :** বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের মধ্যে নেশা করলেই কঠোর পদক্ষেপ করা হবে বলে জানানো হয়েছে। তারপরও বৃহস্পতিবার রাতে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে মদের আসর বসানোর অভিযোগ ওঠে। শুধু তাই নয়, মদের আসর তুলতে গেলে নিরাপত্তারক্ষীর নাকে প্রাক্তন পড়ুয়ারা ঘুষি মারেন বলে অভিযোগ। বৃহস্পতিবার রাতের এই মদের আসরে বেশ কয়েকজন বর্তমান পড়ুয়াও ছিলেন বলে অভিযোগ। প্রসঙ্গত, গত ১১ সেপ্টেম্বর রাতে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ৪ নম্বর গেটের লাগোয়া ঝিল থেকে ৩য় বর্ষের ছাত্রী অনামিকা মণ্ডলের দেহ উদ্ধার হয়। বিশ্ববিদ্যালয়ের পার্কিং লটে আয়োজিত এক অনুষ্ঠানে গিয়েছিলেন তিনি। ওই অনুষ্ঠানে মদের আসর বসেছিল কিনা, তা নিয়ে প্রশ্ন উঠে। বিশ্ববিদ্যালয়ে নিরাপত্তা নিয়েও প্রশ্ন তোলেন অনেকে। এরপরই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষর তরফে নির্দেশিকায় স্পষ্ট জানানো হয়, ক্যাম্পাসের মধ্যে মাদক সেবন করলে আইনানুযায়ী পদক্ষেপ করা হবে। ক্যাম্পাসের মধ্যে ঝোপঝাড়ের আড়ালে মদের আসর বসে বলে অভিযোগ। সেই ঝোপঝাড় পরিষ্কারে টেন্ডারও ডেকেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। ঝিলের পাড়ে উঁচু ফেন্সিং দেওয়ার সিদ্ধান্তও হয়েছে। এরই মধ্যে ক্যাম্পাসের মধ্যে ফের মদের আসর বসানোর অভিযোগ উঠল। আর তাতে বাধা দেওয়ায় মার খেতে হল নিরাপত্তারক্ষীকে। এদিকে যাদবপুর চত্বরে সিসিটিভি বসাতে দেওয়ার বিপক্ষে পড়ুয়াদের একাংশ। এই পরিস্থিতিতে যাদবপুরের নিরাপত্তা নিয়ে কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মার কাছে রিপোর্ট দিলেন ডিসি (এসএসডি) বিদিশা কলিতা। তিনি রিপোর্টে লিখেছেন, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্থায়ী পুলিশ আউটপোস্ট বসানোর দরকার। পাশাপাশি পুরো ক্যাম্পাসে ২৩০টি ক্যামেরা আর মেন হস্টেলে ৬০টি ক্যামেরা বসানোর দরকার। যাদবপুর থানায় এই রিপোর্ট জমা দেওয়া হয়েছে বলে জানা গেছে।

## দুর্গাপুজোর নিরাপত্তা নিয়ে বারুইপুরের পুলিশ সুপারের সাংবাদিক বৈঠক

**প্রদীপকুমার সিংহ, বারুইপুর :** বৃহস্পতিবার বিকেলে বারুইপুর জেলা পুলিশের পুলিশ সুপার আইপিএস পলাশচন্দ্র ঢালী সাংবাদিক বৈঠকে জানান, 'দুর্গাপুজোকে কেন্দ্র করে বারুইপুর জেলা পুলিশের কড়া নজরদারি থাকবে। উৎসবের দিনগুলি যাতে শান্তিপূর্ণভাবে কাটে, সেজন্য বারুইপুর জেলা পুলিশ একাধিক পদক্ষেপ করেছে। জেলা জুড়ে মোট ১৮৭৪টি পুজো হচ্ছে। ষষ্ঠী থেকে দশমী পর্যন্ত নিরাপত্তা নিশ্চিত করতে মোতায়েন থাকবেন প্রায় ৪,০০০ পুলিশ কর্মী। এইসঙ্গে থাকবেন সিভিক ভলান্টিয়াররা। প্রতিটি পুজোমণ্ডপ ও প্রতিটি পঞ্চায়েতে নিয়মিত পুলিশ পেট্রোলিং করা হবে। নারী নিরাপত্তা থেকে শুরু করে সাধারণ মানুষের সুরক্ষা নিশ্চিত করতে গড়ে তোলা হয়েছে অ্যান্টি ইভটিজিং টিম, উইনার্স টিম, স্ন্যাচিং টিম ও পিঙ্ক মোবাইল টিম। কোনো সমস্যায় পড়লে সরাসরি ফোন করা যাবে ৯১৪৭৮৮৮০৩৭ নম্বরে। প্রতিটি এসডিপিও জোনে থাকছে আলাদা কন্ট্রোল রুম। জরুরি অবস্থায় সহায়তার জন্য থাকবে ৪টি ব্রেকডাউন ভ্যান আর ৪২টি পুলিশ সহায়তা বুথ। প্রতিটি বুথে ২৪ ঘণ্টা পুলিশ থাকবে। শিশুদের জন্য চালু হয়েছে বিশেষ চিলড্রেন ব্যাচ, যা পুলিশ অ্যাসিস্ট্যান্ট বুথ থেকে পাওয়া যাবে। এছাড়াও, গুরুত্বপূর্ণ সব পুজোর জন্য বের করা হবে গাইড ম্যাপ। প্রযুক্তির সাহায্যে সাধারণ মানুষ পশ্চিমবঙ্গ পুলিশের 'সবার পুজো অ্যাপ' ব্যবহার করে নিজের বর্তমান লোকেশন থেকে যেকোনো পুজোতে যাওয়ার পথ খুঁজে নিতে পারবেন। শুধু তাই নয়, এই উৎসবের ভিড়ে মানুষের সচেতনতা বাড়াতে চলবে সাইবার নিরাপত্তা প্রচারও। আশা করা হচ্ছে, দুর্গাপুজো কাটবে নির্বিঘ্নে ও আনন্দমুখর পরিবেশে।'

## সুন্দরবনের মৈপীঠের পুজো

**নিজস্ব সংবাদদাতা, বারুইপুর :** মৈপীঠের মধ্য পূর্ব গুড়গুড়িয়া সার্বজনীন পুজো এবার পুজো ৩৮ বছরে পড়েছে। প্রতিমা তৈরির কাজ শেষ। গ্রামের ছেলেরা এই পুজোর দায়িত্বে। তারাই চাঁদা তোলে। তারাই করে পুজোর আয়োজন। এই গ্রামের পুজো ছেড়ে গ্রামের মানুষ অন্য কোথাও যেতেও চান না। পুজোর কমিটির কর্তারা বলে,পুজোর জন্য অনেক মাস আগে থাকতে প্রস্তুতি নিই। গ্রাম ঘুরে চাঁদা সংগ্রহ করি। পুজোতে সব কাজ আমরাই করি। খাওয়াদাওয়া সব একসঙ্গে হয়। অন্য পাড়ার লোকও আসে আমাদের পুজোয়। মা দুর্গার পুজোয় সাংস্কৃতিক অনুষ্ঠানও হয়। আমাদের গ্রামের ছেলেমেয়েরা অংশ নেয়। প্রতিমা বিসর্জনে আমরা ধুমধাম করে মাকে নিয়ে যাই গঙ্গার দিকে। মৈপীঠে এই জমজমাট পুজো ঘিরে জামতলা রাস্তায় ব্যানারও লাগানো হয়েছে। গ্রামে আকর্ষণের কেন্দ্রে থাকে এই পুজো।

## শ্বশুর ও শাশুড়িকে পুড়িয়ে হত্যার দায়ে যাবজ্জীবন সাজা জামাইয়ের

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** শ্বশুর হারু হাজরা ও শাশুড়ি তুলিকা হাজরাকে পুড়িয়ে হত্যার দায়ে যাবজ্জীবন সাজা হল জামাই গোষ্ঠ মণ্ডলের। শুক্রবার হাওড়া জেলা দেওয়ানি, ফৌজদারি ও দায়রা আদালতের এডিজে সেকেন্ড কোর্ট সোমেশ প্রসাদ সিনহা দোষী গোষ্ঠ মণ্ডলের যাবজ্জীবন সাজা ঘোষণা করেন। এই মামলার মুখ্য সরকারি আইনজীবী ছিলেন সোমনাথ বন্দ্যোপাধ্যায়। আদালত সূত্রে জানা গেছে, হারু হাজরা ও তুলিকা হাজরার মেয়ে মালতির সঙ্গে বিয়ে হয় হাওড়ার জগৎবল্লভপুর থানার এলাকার বাসিন্দা গোষ্ঠ মণ্ডলের সঙ্গে। বিয়ের পর থেকেই বিভিন্ন বিষয় নিয়ে অশান্তি হত। তার ওপর গোষ্ঠ অত্যাচার করত। এরপর বাধ্য হয়ে মালতি লোকের বাড়িতে কাজ করতে আরম্ভ করে। মালতির সঙ্গে অন্য কারোর বিবাহ বহির্ভূত সম্পর্ক আছে এই সন্দেহে গোষ্ঠ প্রায়ই মালতিকে মারধর করত। মদ খেয়ে মালতির বাবা ও মাকে প্রায়ই মারার ও ঘরবাড়ি জ্বালিয়ে দেওয়ার হুমকি দিত। ঘটনার ৫ দিন আগেও গোষ্ঠ শ্বশুর ও শাশুড়িকে রাস্তার মধ্যে মারধর করে ও পুড়িয়ে মারার হুমকি দেয়। ২০২২ সালের ১৩ জুলাই রাত প্রায় ২টো নাগাদ গোষ্ঠর শ্বশুর-শাশুড়ি যখন ঘুমোচ্ছিলেন তখন গোষ্ঠ এসে তাঁদের ওপর কেরোসিন তেল ঢেলে আগুন জ্বালিয়ে দেয়। চিৎকার চেঁচামেচিতে জখমদের ছেলে কার্তিক ঘর থেকে বেরিয়ে আসেন। এই পরিস্থিতিতে পাড়ার লোকও বাইরে বেরিয়ে আসেন। আশঙ্কাজনক অবস্থায় সঙ্গে সঙ্গে তাঁদের ২জনকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এরপর খবর দেওয়া হয় পুলিশে। অগ্নিদগ্ধ অবস্থায় হারু হাজরা বয়ান দেন জামাই গোষ্ঠ মণ্ডল তাঁদের ওপর তেল ঢেলে আগুন লাগিয়ে দিয়েছে। হারু হাজরার সেই মৃত্যুকালীন জবানবন্দি রেকর্ড করেন হাসপাতালে ডাক্তার। পরে ২জনই মারা যান। জামাইয়ের বিরুদ্ধে অভিযোগের ভিত্তিতে তাকে গ্রেফতার করা হয়। ধৃতর বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ৪৩৬ (ক্ষতিসাধনের জন্য আগুন বা বিস্ফোরক পদার্থ দিয়ে দুষ্কর্ম) ও ৩০২ (খুন) ধারায় মামলা রুজু করা হয়। এরপর চলে বিচার পর্ব। এই মামলায় মোট ২৩ জন সাক্ষী দেন। আগেই গোষ্ঠ মণ্ডলকে ৩০২ ও ৪৩৬ ধারায় দোষী সাব্যস্ত করা হয়। শুক্রবার দোষীর শাস্তি ঘোষণা করেন বিচারক।

## পিংলায় কোচবিহারের রাজবাড়ির থিমে মণ্ডপসজ্জা ঘিরে আগ্রহ তুঙ্গে

**সুমনকুমার দাস, খড়্গপুর :** গত কয়েকবছর ধরে থিম পুজোয় চমক দিচ্ছে খড়্গপুর মহকুমার পিংলার জলচক-গোকুলচক নাটেশ্বরী বাজার সার্বজনীন দুর্গোৎসব কমিটি। এবার ৬৭তম বছরের থিম কোচবিহারের রাজবাড়ি। পিংলা ব্লকের ১০নং অঞ্চলের এই বিগ বাজেটের মণ্ডপ ও প্রতিমা দেখতে জেলা থেকে অনেক দর্শনার্থী আসেন। এবছরও তার ব্যতিক্রম হবে না বলে আশাবাদী উদ্যোক্তারা। এই পুজোর ভার্চুয়ালি উদ্বোধন করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পুজো উদ্যোক্তারা জানান, 'কোচবিহারের রাজবাড়ির আদলে প্রায় ৫৫ ফুট উঁচু মণ্ডপ তৈরি হয়েছে। মায়ের মূর্তি সাবেকি। পঞ্চমী থেকে দ্বাদশী পর্যন্ত নানা সাংস্কৃতিক অনুষ্ঠান হবে। পুজো উপলক্ষে মেলা বসেছে।' পুজো কমিটির সম্পাদক কার্তিকচন্দ্র বেরা বলেন, 'এবারের বাজেট প্রায় ৩৯ লাখ টাকা। আবহাওয়া প্রতিকূল থাকলেও শিল্পীরা হুবহু রাজবাড়ির আদলেই মণ্ডপ তৈরি করেছেন। আশা করছি, প্রচুর মানুষ পুজো দেখতে আসবেন। পিংলা থানার পুলিশের পাশাপাশি প্রচুর স্বেচ্ছাসেবক নিরাপত্তার দায়িত্বে থাকবেন।' উদ্যোক্তারা জানান, ১৯৫৯ সালে জলচক-গোকুলচক বাজার এলাকার ব্যবসায়ীরা প্রথম পুজো করেন। পুজোয় স্বাস্থ্য ও চোখ পরীক্ষা শিবির, মশারি বিলি সহ বিভিন্ন ধরনের সমাজকল্যাণমূলক কাজ করে থাকে পুজো কমিটি। উদ্যোক্তাদের পক্ষে তাপসকুমার জানা বলেন, 'পুজোয় মহাভোগ বিতরণ করা হবে। ১০ হাজারের বেশি মানুষ প্রসাদ গ্রহণ করবেন। জেলা পুলিশ প্রশাসনের সাহায্য ছাড়া সুষ্ঠুভাবে করা সম্ভব হত না।'

## জামালপুরে সংঘর্ষ থামাতে গিয়ে আহত ৩ পুলিশ, গ্রেফতার ১৭

**বিপুন ভট্টাচার্য, বর্ধমান :** জামালপুরের চক্ষ্মণজাদি গ্রামে বৃহস্পতিবার সন্ধ্যায় তৃণমূল নেতা ফিরোজের ভাই সেখ চাঁদকে গ্রামবাসীদের একাংশ হেনস্থা ও মারধর কর। খবর পেয়ে সেখ চাঁদকে বাঁচাতে গিয়ে জখম হয় পুলিশ। পুলিশের গাড়ি লক্ষ্য করে ঢিল ও পাথর ছোড়া হয়। পুলিশের গাড়ির কাচ ভেঙে যায়। পুলিশের ওপর আক্রমণে জখম হন ৩ পুলিশ কর্মী। কোনোরকমে পরিস্থিতি সামাল দিয়ে পুলিশ শেখ চাঁদকে জামালপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে যায়। রাতে বিশাল পুলিশ বাহিনী চক্ষ্মণজাদি গ্রামে পৌঁছে শুরু করে ধরপাকড় অভিযান। উত্তেজনা থাকায় রাতে গ্রামে পুলিশ মোতায়েন রাখা হয়। জখম শেখ চাঁদ জানান, 'জামালপুর থানার মেজবাবু আমায় বলে ছিলেন বাইরে চলে যাবি। আমি কোচবিহারে চলে গিয়ে ছিলাম। দু'দিন আগে আমি গ্রামে এসেছি। তার টিকিট আমার কাছে এখনো আছে। আগামী মঙ্গলবার আমার ফের কোচবিহার যাওয়ার কথা ছিল। আমি কিছু করিনি। তবুও ওরা এদিন আমায় ব্যাপক মারধর করল। আমার মুখ ও শরীরের বিভিন্ন জায়গায় মেরে রক্ত বার করে দিয়েছে।' এদিকে, এদিন জেলা পুলিশ সুপার সায়ক দাস জানিয়েছেন, 'জামালপুরের ঘটনায় মোট ১৭জনকে গ্রেফতার করা হয়েছে। শুক্রবার তাদের বর্ধমান আদালতে পেশ করা হয়েছে। গোটা ঘটনার তদন্ত চলছে।'

## প্রতিমা নিরঞ্জনে হাওড়া পুরনিগমের অত্যাধুনিক ব্যবস্থা

**ভাস্কর বিশ্বাস, হাওড়া :** প্রতিমা নিরঞ্জনের ক্ষেত্রে অত্যাধুনিক ব্যবস্থা নিতে চলেছে হাওড়া পুরনিগম। রাজ্যে কোনো পুরসভাতে আগে এমন ব্যবস্থা নেওয়া হয়নি বলে দাবি পুরনিগমের। পুরনিগম সূত্রে জানা গেছে, এবার আধুনিক প্রযুক্তি ব্যবহার করে প্রতিমা নিরঞ্জন হবে হাওড়ায়। এরজন্য বেসরকারি এজেন্সিকে দায়িত্ব দেওয়া হয়েছে। রামকৃষ্ণপুর ঘাটে শুক্রবার সকালে এই নিয়ে পরীক্ষামূলকভাবে এক ট্রায়াল রান হয়। এরপর সিদ্ধান্ত নেওয়া হয়, দশমীর একদিন আগেই নবমীর মধ্যে হাওড়ার রামকৃষ্ণপুর ঘাটের পাড় থেকে গঙ্গা পর্যন্ত ঠাকুর ভাসানের জন্য প্রায় ৩০-৪০ ফুটের লোহার ট্র্যাক পাতা হবে। যা প্রতিমা নিরঞ্জনে এই প্রথম ব্যবহৃত হবে। এছাড়াও গঙ্গা দূষণ কমাতে ঠাকুর জলে ভাসানের পরই সেই কাঠামো কয়েক মিনিটের মধ্যে গঙ্গা থেকে তুলে আনার জন্য নতুন মেশিন আনা হয়েছে। ওই আধুনিক প্রযুক্তির মেশিনের সাহায্যে খুব তাড়াতাড়ি গঙ্গা থেকে প্রতিমার খড়, বাঁশ, মাটির কাঠামো তুলে আনা সম্ভব হবে। এই পদ্ধতি ব্যবহারে গঙ্গায় একদিকে যেমন দূষণ কম হবে, তেমনই লোক অনেক কম লাগবে আর যাঁরা কাজ করবেন তাঁরা অনেক নিরাপদে কাজ করবেন। দৈহিক পরিশ্রমও কম হবে।

## পূর্ব বর্ধমানে বিদ্যাসাগরের জন্মদিন পালন

**নিজস্ব সংবাদদাতা, বর্ধমান :** শুক্রবার বর্ধমান টাউন স্কুলের প্রাক্তনীদের উদ্যোগে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের আবক্ষ মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানানো হয়। ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামীম হোসেন চৌধুরী, প্রাক্তনী সংগঠনের সম্পাদক বিশ্বজিৎ মল্লিক, সহসম্পাদক দেবাশিস দে, সন্দীপ রায়, শুভসোম ব্যানার্জি ও আরো অনেকে। অন্যদিকে, এদিন বর্ধমান সদর প্যায়রা নিউট্রিশন ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে বর্ধমান মিউনিসিপ্যাল বয়েজ হাই স্কুলের রাজেন্দ্র ভবনে বর্ধমানের ৩২টি স্কুলের ১৬০ জন ছাত্রছাত্রী, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান আর ১ জন করে নোডাল অফিসারকে সঙ্গে নিয়ে গত ১ বছর ধরে যেসব স্কুলের পরিবেশ প্লাস্টিক ও পার্থেনিয়াম মুক্ত, সেইসব স্কুল ও প্রতি স্কুলের ৫ জন করে গ্রিন ভলান্টিয়ারকে পুরস্কৃত করা হয়। শহরের ৪টি স্কুল মিউনিসিপ্যাল গার্লস, বিসি রোড সি এম এস, বিদ্যার্থীভবন গার্লস আর কাঞ্চন নগর ডি এন দাস স্কুল সেরা পরিবেশ বান্ধব স্কুল হিসাবে নির্বাচিত হয়। ওই ৪টি স্কুলের ২০ জন ভলান্টিয়ারকে এককালীন ১০০০ টাকা করে বৃত্তি দেওয়া হয়। সংগঠনের সাধারণ সম্পাদক প্রলয় মজুমদার জানান, 'রাজ্য সরকারের স্কুল শিক্ষা বিভাগ আর জেলা স্কুল পরিদর্শকের (মাধ্যমিক বিভাগ) সহযোগিতায় এই অনুষ্ঠান হয়।' অন্যান্যদের মধ্যে ছিলেন জেলা তথ্য ও সংস্কৃতি দফতরের অধিকারিক রামশংকর মণ্ডল, বর্ধমান সদর থানার আইসি দিব্যেন্দু দাস, পরিবেশবিদ ড. সুভাষ চন্দ্র দত্ত, ড. সৌমেন সিংহরায় ও আরো অনেকে।

## হরিপালের পুজোমণ্ডপ থিমে থিমে একাকার

**অমিত চৌধুরী, হুগলি :** বাণিজ্যে বসতে লক্ষ্মী, স্বামীনারায়ণ মন্দির, হারিয়ে যাওয়া চিঠি ও খাম, জুরাসিক পার্কসহ একাধিক থিমে সেজেছে হরিপালের বারোয়ারি পুজো মণ্ডপ। এবছর হরিপালে মোট পুজো ৩৪৩টি। বাড়ির পুজো ৩৬টি, মহিলা পুজো ৮টি। এরমধ্যে ১৮৮টি পুজো এবছর সরকারি অনুদান পাচ্ছে। হরিপালের উল্লেখযোগ্য দুর্গাপুজোর মধ্যে অন্যতম হরিপাল গজার মোড় বান্ধব সমিতির পুজো এবার ৬৪তম বর্ষ। গুসকরা খেয়ালি সঙ্ঘর পুজোর এবার ৩৫তম বর্ষ। পুজোর থিম, ভুলে যাওয়া খাম। মোবাইল আর ইন্টারনেটের যুগে হারিয়ে যেতে বসেছে পুরোনো ডাক ব্যবস্থার চিঠি ও খাম। হোগলা পাতা, কাঠ, বেল ও নারকেলের মালা, কাঠগুঁড়ো আর দড়ি দিয়ে ফুটিয়ে তোলা হয়েছে মণ্ডপ। অপূর্ব সুন্দর মূর্তির কারুকাজ। পাশাপাশি গুসকরা 'আমরা সবাই' ক্লাবের পুজোর ৩৮তম বর্ষে ভুট্টা দানা দিয়ে সাজানো হয়েছে মণ্ডপ। নালিকুল বাকচি বাজার সর্বজনীন দুর্গাপুজো কমিটির পুজো ৯০তম বছরে পা দিচ্ছে। পুজোর থিম বাণিজ্যে বসতে লক্ষ্মী। নদীমাতৃক বাংলায় এক সময় নৌকা নিয়ে বাণিজ্য করতে বেরোতেন ব্যবসায়ীরা। নদীর বিভিন্ন ঘাটে নৌকা এসে ঠেকলে হাট বসত এলাকায়। হারিয়ে যাওয়া সেই চিত্র ফুটিয়ে তোলা হয়েছে মণ্ডপে। মণ্ডপে ঢুকলে দেখা যাবে কাঠের তৈরি আস্ত একটা বিশাল পাল তোলা নৌকা। বড়গাছিয়া উদয়ন সঙ্ঘর পুজো ২০তম বর্ষে পা রাখছে। এবারের থিম জুরাসিক পার্ক। ছোটো-বড়ো বিভিন্ন আকারের ডাইনোসর দেখতে পাওয়া যাবে মণ্ডপে। চোয়ালপাড়া মৈত্রী সঙ্ঘর পুজো ৬২তম বছরে পা দিয়েছে। থিম, স্বামীনারায়ণ মন্দির। হরিপাল স্টেশন বাজারের লাগোয়া রায়পুকুর পাড়ের নেতাজী সঙ্ঘর পুজোর প্রতিমা প্রতিবার সকলকে মুগ্ধ করে। ৩২ বছরে পা রাখল। বারোয়ারি পুজোর পাশাপাশি অনেক বনেদিবাড়ির পুজো হয় হরিপালে। উৎসবের ৪ দিন সব বারোয়ারি প্যান্ডেলে তিল ধারণের জায়গা থাকে না।

**NOTICE INVITING e-TENDER**

**Ref E-NIT NO.** 2025_ZPHD_914725_1 to 17
A e-tender (Notice- 1136, Nit No.- 28, Dated-26/09/25) containing **Seventeen** numbers of scheme for different Construction work under Memari-I Panchayat Samity, Purba Bardhaman has been floated amounting to Rs. **31.69 lakh,** fund APAS.
**Bid submission end on :-** 17/10/2025 at 12.00 P.M.
**Log on Gov. Website** (www.wbtenders.gov.in)
Please look for details in the undersigned office notice board.

**Sd/-**
**Executive Officer,**
**Memari-I Panchayat Samity,**
**Memari, Purba Bardhaman**

**e-TENDER NOTICE**

**NIT NO.- 17 / APAS / 2025-26 this office memo no.- 4694, dt- 24/09/2025** duly filled tender are invited for **32 nos** schemes from bonafide, elligble resourceful contractor / agency for the work under Memari-II Panchayat Samity. Documents download / sell end date (Online) for Bid submission up to 18/10/2025 for detail information please contact with Memari-II P.S. office notice board / SAE Section and go through e-tender site **wbtenders.gov.in**

**Sd/-**
**Block Development Officer,**
**Memari-II Development Block,**
**Paharhati, Purba Bardhaman**

**e-TENDER NOTICE**

**NIT NO.- 18 / APAS / 2025-26 this office memo no.- 4695, dt- 24/09/2025 & 19/APAS/2025-26 this office memo no. 4696 dated- 24.09.2025** duly filled tender are invited for **30 nos** schemes from bonafide, elligble resourceful contractor / agency for the work under Memari-II Panchayat Samity. Documents download / sell end date (Online) for Bid submission up to 18.10.2025 for detail information please contact with Memari-II P.S. office notice board / SAE Section and go through e-tender site **wbtenders.gov.in**

**Sd/-**
**Block Development Officer,**
**Memari-II Development Block,**
**Paharhati, Purba Bardhaman**

mallcom

**ম্যালকম (ইন্ডিয়া) লিমিটেড**
CIN : L51109WB1983PLC037008
নিবন্ধিত কার্যালয় : ইএন-১২, সেক্টর-৫, সল্টলেক সিটি, কলকাতা- ৭০০০৯১
ওয়েবসাইট : www.mallcom.in; ইমেল : investors@mallcom.in; টেলি : +৯১৩৩৪০১৬১০০০

**শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে বিজ্ঞপ্তি — "সক্ষম নিবেশক" প্রচারনার বিষয়**

ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথরিটি (আইইপিএফএ), কর্পোরেট বিষয়ক মন্ত্রণালয় (এমসিএ), দ্বারা জারি ১৬ জুলাই, ২০২৫ তারিখে লেটারের ভিত্তিতে কোম্পানি এতদ্বারা সকল শেয়ারহোল্ডারদের, যাঁরা তাঁদের লভ্যাংশ দাবি করেননি, অথবা যাঁরা তাঁদের কেওয়াইসি বিবরণ, ব্যাঙ্ক ম্যানডেট, নমিনি ইনফর্মেশন আপডেট করেননি, অথবা দাবিহীন লভ্যাংশের বিষয়ে যাঁরা সমস্যার সম্মুখীন হচ্ছেন, তাঁদের জানানো হচ্ছে যে, কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ), নিশ টেকনোলজিস প্রাইভেট লিমিটেড, ঠিকানা : ৩এ, অকল্যান্ড প্লেস, সপ্তম তল, রুম নং- ৭এ ও ৭বি, কলকাতা- ৭০০০১৭, ই-মেল : nichetechpl@nichetechpl.com অথবা ফোন নং- (০৩৩) ২২৮০ ৬৬১৬ / ১৭/১৮-তে যোগাযোগ করার জন্য এবং কোম্পানিতেও মেল পাঠাতে পারেন এই ই-মেল আইডিতে : investors@mallcom.in। এই উদ্যোগটি "সক্ষম নিবেশক" প্রচারনার অংশ, যার লক্ষ্য হল শেয়ারহোল্ডারদের তাঁদের রেকর্ড আপডেট করা এবং আইইপিএফএ-তে স্থানান্তরিত না হওয়া পর্যন্ত কোনো অনাদায়ী বা দাবিহীন লভ্যাংশ দাবি করা।

ম্যালকম (ইন্ডিয়া) লিমিটেড-এর পক্ষে
স্বা/-
গৌরব রাজ
কোম্পানি সচিব ও কমপ্লায়েন্স অফিসার

স্থান : কলকাতা
তারিখ : ২৬/০৯/২০২৫

পঞ্জাব নেশনল বৈঙ্ক ...भरोसे का प्रतीक ! punjab national bank ...the name you can BANK upon !

**স্থাবর সম্পত্তির ইচ্ছাকৃত বিক্রয়ের বিজ্ঞপ্তি**

**অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ, দুর্গাপুর**
সিটি সেন্টার, রেড ক্রশ রোড, দুর্গাপুর- ৭১৩২১৬ পশ্চিম বর্ধমান, প.ব., ই-মেল : **cs8222@pnb.co.in**

**স্থাবর সম্পত্তির ইচ্ছাকৃত বিক্রয়ের বিজ্ঞপ্তি**

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর সেকশন ১৩(৪) সহ সিকিওরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮(৬) অনুযায়ী বিজ্ঞপ্তি
স্থাবর সম্পত্তির বিবরণ (উক্ত সম্পত্তিগুলি সিকিওরড ক্রেডিটরের কাছে কনস্ট্রাকটিভ পজেশন / ফিজিক্যাল পজেশনের আওতায় আছে)

| ক্রম নং | অ্যাকাউন্টের নাম / ঋণগ্রহণকারীগণ / জামিনদারগণের নাম ও ঠিকানা | বন্ধক রাখা স্থাবর সম্পত্তিগুলির বিবরণ, মালিকের নাম (সম্পত্তি(গুলির) বন্ধকদার) এবং অধিগ্রহণ | (ক) ১৩(২) এর আওতায় দাবি বিজ্ঞপ্তির তারিখ (খ) দখলের তারিখ (গ) এই বিজ্ঞপ্তির প্রাপ্তির তারিখ থেকে ৩০ দিনের মধ্যে উল্লিখিত সম্পদের দখল নেওয়ার সময় এবং তারপরে এটি সংরক্ষণের জন্য অনুমোদিত আধিকারিকের দ্বারা আপ টু ডেট সুদ ও খরচ সহ উপরোক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত বকেয়া। যদি আপনি উল্লিখিত সময়ের মধ্যে উল্লিখিত অর্থাঙ্ক পরিশোধ করতে ব্যর্থ হন, তবে অনুমোদিত আধিকারিককে বকেয়া আদায়ের জন্য উপরোক্ত সম্পদ বিক্রি করতে এবং উপরোক্ত আইন ও বিধির বিধান অনুসারে উপযুক্ত বলে মনে করা অন্যান্য ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য করা হতে পারে। |
|---|---|---|---|
| ১. | শ্রীমতী সোনালী বাস্কে, স্বামী উত্তম বাস্কে<br>বরসুল উন্নয়নী, পোঃ- বরসুল, পূর্ব বর্ধমান, পিন- ৭১৩১২৪<br>ফোন : ৭৪৭৮৩৯৫৬৬৫<br>শ্রী উত্তম বাস্কে, পিতা- দুবরাজ বাস্কে<br>বরসুল উন্নয়নী, পোঃ- বরসুল, পূর্ব বর্ধমান, পিন- ৭১৩১২৪<br>ফোন : ৭৪৭৮৩৯৫৬৬৫ | কমবেশি ৯৩০ বর্গফুট এলাকা বিশিষ্ট গ্রাউন্ড ফ্লোর ও ৯০০ বর্গফুট এলাকা বিশিষ্ট প্রথম তল নিয়ে জমি ও বিল্ডিংয়ের সমস্ত অংশ, যেটি জেলা- পূর্ব বর্ধমান, মৌজা- বাজেসালেপুর, জেএল নং- ১৬১, আরএস প্লট নং-০৫, এলআর প্লট নং-৫০, গ্রাম-বাজেসালেপুর, পোঃ-বরসুল উন্নয়নী, থানা-শক্তিগড়, জেলা- পূর্ব বর্ধমান, পিন- ৭১৩১২৪-তে ২৫.০৬.২০২০ তারিখের রেজি. ডিড নং- I-৩২৫৫ অনুযায়ী এডিএসআর- বর্ধমান, পশ্চিমবঙ্গে নিবন্ধীকৃত।<br>***পজেশন কনস্ট্রাকটিভ*** | (ক) ১৭.০৮.২০২২<br>(খ) ০৬.০১.২০২৩<br>(গ) পূর্বোক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২৯৮৪৬৫০.৭৬ টাকা (উনত্রিশ লাখ চুরাশি হাজার নয়শো পঞ্চাশ টাকা ও ছিয়াত্তর পয়সা মাত্র) |
| ২. | শাশ্বতী মুখার্জি, স্বামী- অলকেন্দু মুখার্জি<br>১২৫, টাউন হল পাড়া, কালীবাজার বড়মা কালীমন্দিরের বিপরীত গলি, বর্ধমান- ৭১৩১০১<br>ঠিকানা ২ : ফ্ল্যাট নং ১ডি, ব্লক ১, দিবাকর সৃষ্টি, জি. টি. রোড, পোঃ-শ্রীপল্লী, বর্ধমান- ৭১৩১০১ | বন্ধকী সমতুল সম্পত্তিটি 'দিবাকর সৃষ্টি' প্রজেক্টের ব্লক ১ টাইপ বি প্রথম তলে কমবেশি ৭৩৬ বর্গফুট সুপার বিল্ট আপ এলাকা, ৫৭৩ বর্গফুট বিল্ট আপ এলাকা ও ৪৮০ বর্গফুট কার্পেট এলাকা বিশিষ্ট ফ্ল্যাটের সমস্ত অংশ, যেটি মৌজা- কানাইনটশাল, জেএল নং- ৭৬, হোল্ডিং নং- ৩৪৮/৮, এলআর প্লট নং- ১২৮ (পার্ট), ১২৯ (পার্ট), ১৩০, আরএস খতিয়ান নং- ৩৪, এলআর খতিয়ান নং- ৬১৭, ৬১৯, ৬২০, ৪৪৩২ ও ৪১১২, বর্ধমান পুরসভার ১১ নং ওয়ার্ডের আওতায়, ক্ষুদিরাম পল্লী, জি.টি. রোড, পোঃ-শ্রীপল্লী, বর্ধমান- ৭১৩১০৩, পশ্চিমবঙ্গে ঋণগ্রহণকারী শাশ্বতী মুখার্জির নামে ডিড নং- ৩৬৯৩/২০২৩ অনুযায়ী নিবন্ধীকৃত।<br>***পজেশন কনস্ট্রাকটিভ*** | (ক) ২০.০৬.২০২৪<br>(খ) ৩০.০৮.২০২৪<br>(গ) পূর্বোক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত ৩৫,১০,৪৬৫.০০ টাকা (পঁয়ত্রিশ লাখ দশ হাজার চারশো পঁয়ষট্টি টাকা মাত্র) |
| ৩. | শ্রী কৃষ্ণ ডেয়ারি, স্বত্বাধিকারী-মি. স্বপন ঘোষ, পিতা- গোলকপতি ঘোষ, গ্রাম- খানপুর মালডাঙা, পোঃ- মালডাঙা, জেলা- পূর্ব বর্ধমান, পিন- ৭১৩১৪৫, পশ্চিমবঙ্গ<br>মি. স্বপন ঘোষ, পিতা- গোলকপতি ঘোষ, গ্রাম- খানপুর মালডাঙা, পোঃ- মালডাঙা, জেলা- পূর্ব বর্ধমান, পিন- ৭১৩১৪৫, পশ্চিমবঙ্গ | জমি ও বিল্ডিংয়ের সমস্ত অংশ, যেটি জেলা- পূর্ব বর্ধমান, থানা- মন্তেশ্বর, মৌজা- খানপুর, জেএল নং ১১, সাবেক খতিয়ান নং- ৩০৭, এলআর খতিয়ান নং- ১১২৫, দাগ নং- ১০৩৯ (খতিয়ান নং পড়চা অনুযায়ী ১১৬২), এলাকা- ৬ শতক ডিড নং- ২৩৮৬/২০০১ (রেকর্ড অনুযায়ী ৪ শতক) অনুযায়ী বর্ধমানে মিঠু ঘোষ, স্বামী- স্বপন ঘোষের নামে নিবন্ধীকৃত।<br>***পজেশন কনস্ট্রাকটিভ*** | (ক) ২৮.১১.২০২৪<br>(খ) ২৮.১১.২০২৪<br>(গ) পূর্বোক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত ৩৬৩২৯৫৮.৫৮ টাকা (ছত্রিশ লাখ বত্রিশ হাজার নয়শো আটান্ন টাকা ও আটান্ন পয়সা মাত্র) |
| ৪. | মিসেস মৌমিতা ঘোষ, পিতা- স্বপন ঘোষ<br>গ্রাম- খানপুর মালডাঙা, পোঃ- মালডাঙা<br>জেলা- পূর্ব বর্ধমান, পিন- ৭১৩১৪৫, পশ্চিমবঙ্গ<br>ঠিকানা ২ : পিতা- স্বপন ঘোষ, র‍্যাঙ্ক- লেডি কনস্টেবল-২৯৯৯, পুলিশ লাইন, জেলা- পূর্ব বর্ধমান, পিন- ৭১৩১৪৫, পশ্চিমবঙ্গ | জমি ও বিল্ডিংয়ের সমস্ত অংশ, যেটি জেলা- পূর্ব বর্ধমান, থানা- মন্তেশ্বর, মৌজা- খানপুর, জেএল নং ১১, সাবেক খতিয়ান নং- ৩০৭, এলআর খতিয়ান নং- ১১২৫, দাগ নং- ১০৩৯ (খতিয়ান নং পড়চা অনুযায়ী ১১৬২), এলাকা- ৬ শতক ডিড নং- ২৩৮৬/২০০১ (রেকর্ড অনুযায়ী ৪ শতক) অনুযায়ী বর্ধমানে মিঠু ঘোষ, স্বামী- স্বপন ঘোষের নামে নিবন্ধীকৃত।<br>***পজেশন কনস্ট্রাকটিভ*** | (ক) ২৮.১১.২০২৪<br>(খ) ১৮.০৩.২০২৫<br>(গ) পূর্বোক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত ১১,৩৮,৫৮২.৮৪ টাকা (এগারো লাখ আটত্রিশ হাজার পাঁচশো বিরাশি টাকা ও চুরাশি পয়সা মাত্র) |
| ৫. | মিসেস মিঠু ঘোষ, স্বামী- স্বপন ঘোষ<br>গ্রাম- খানপুর মালডাঙা, পোঃ- মালডাঙা,<br>জেলা- পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ- ৭১৩১৪৫ | জমি ও বিল্ডিংয়ের সমস্ত অংশ, যেটি জেলা- পূর্ব বর্ধমান, থানা- মন্তেশ্বর, মৌজা- খানপুর, জেএল নং ১১, সাবেক খতিয়ান নং- ৩০৭, এলআর খতিয়ান নং- ১১২৫, দাগ নং- ১০৩৯ (খতিয়ান নং পড়চা অনুযায়ী ১১৬২), এলাকা- ৬ শতক ডিড নং- ২৩৮৬/২০০১ (রেকর্ড অনুযায়ী ৪ শতক) অনুযায়ী বর্ধমানে মিঠু ঘোষ, স্বামী- স্বপন ঘোষের নামে নিবন্ধীকৃত।<br>***পজেশন কনস্ট্রাকটিভ*** | (ক) ২৮.১১.২০২৪<br>(খ) ১৮.০৩.২০২৫<br>(গ) পূর্বোক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২৭,৭৭,৬০৬.২৬ টাকা (সাতাশ লাখ সাতাত্তর হাজার ছয়শো ছয় টাকা ও ছাব্বিশ পয়সা মাত্র) |
| ৬. | মেসার্স হালদার এন্টারপ্রাইজ<br>স্বত্বাধিকারী-সুজিত হালদার, পিতা-বিমল হালদার, লক্ষণপাড়া, পোঃ + থানা-কালনা, পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন- ৭১৩৪০৯<br>সুজিত হালদার, পিতা-বিমল হালদার (মেসার্স হালদার এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী), লক্ষণপাড়া, পোঃ + থানা- কালনা, পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন- ৭১৩৪০৯<br>বিমল কুমার হালদার, পিতা- রামপদ হালদার (জামিনদার / বন্ধকদার), লক্ষণপাড়া, পোঃ + থানা-কালনা, পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন- ৭১৩৪০৯<br>প্রতিমা হালদার, স্বামী- বিমল কুমার হালদার (জামিনদার / বন্ধকদার), লক্ষণপাড়া, পোঃ + থানা-কালনা, পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন- ৭১৩৪০৯ | ১. কমবেশি ০৩ শতক এলাকা বিশিষ্ট জমি ও বিল্ডিংয়ের সমস্ত অংশ, যেটি জেলা- বর্ধমান, মৌজা- কালনা, জেএল নং- ১৬৪, আরএস খতিয়ান নং- ১৫৭, এলআর খতিয়ান নং- ৪৭৬৪, আরএস প্লট নং- ২৭২৫, এলআর প্লট নং- ৭২১০, এডিএসআর- কালনাতে সেল ডিড নং- ৫০৭৬/১৯৭৪ অনুযায়ী শ্রীমতী প্রতিমা হালদার, স্বামী- শ্রী বিমল কুমার হালদার এর নামে নিবন্ধীকৃত।<br>২. কমবেশি ৩ শতক এলাকা বিশিষ্ট জমি ও বিল্ডিংয়ের সমস্ত অংশ, যেটি জেলা- বর্ধমান, মৌজা- কালনা, জেএল নং- ১৬৪, আরএস খতিয়ান নং- ১৫৭, এলআর খতিয়ান নং- ৫৮২৬, প্লট নং- ২৭২৫ ও ২৭১৪, এলআর প্লট নং- ৭২১০ ও ৬৮৯৮, এডিএসআর- কালনাতে গিফট ডিড নং- ৭৩১০/১৯৮৬ অনুযায়ী শ্রী বিমল কুমার হালদার, পিতা- রামপদ হালদার-এর নামে নিবন্ধীকৃত।<br>***পজেশন কনস্ট্রাকটিভ*** | (ক) ০৭.০৯.২০২১<br>(খ) ০৯.১১.২০২১<br>(গ) পূর্বোক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২৭,৭৭,৬০৬.২৬ টাকা (সাতাশ লাখ সাতাত্তর হাজার ছয়শো ছয় টাকা ও ছাব্বিশ পয়সা মাত্র) |
| ৭. | মেসার্স বন্দনা অ্যাগ্রো প্রোডাক্টস প্রাইভেট লিমিটেড<br>রাইস মিল পাড়া, মেমারি, পোঃ ও থানা- মেমারি, জেলা- পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ- ৭১৩১৪৬ (ডিরেক্টর / জামিনদার)<br>মি. সন্দীপ হাজরা, পিতা-সাধন গোপাল হাজরা, রাইস মিল পাড়া, মেমারি, পোঃ ও থানা- মেমারি, জেলা- পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ- ৭১৩১৪৬ (ডিরেক্টর / জামিনদার)<br>মিসেস মধুমিতা হাজরা, স্বামী- সন্দীপ হাজরা, রাইস মিল পাড়া, মেমারি, পোঃ ও থানা- মেমারি, জেলা- পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ- ৭১৩১৪৬ | বন্ধকী সমতুল সম্পত্তিটি কমবেশি ০৫ ডেসিমল এলাকা বিশিষ্ট বাস্তুজমি ও দ্বিতল ব্যবসায়িক বিল্ডিংয়ের সমস্ত অংশ, যেটি বামুনপাড়া মোড়, মৌজা- দক্ষিণ রাধাকান্তপুর, সারদাপল্লী, হোল্ডিং নং- ৩/২/১, পোঃ ও থানা- মেমারি, জেলা- পূর্ব বর্ধমান, মেমারি পুরসভার ৩ নং ওয়ার্ডের আওতায়, জেএল নং- ১৩০, আরএস খতিয়ান নং- ৬৭, এলআর খতিয়ান নং- ৯৮৫, আরএস ও এলআর প্লট নং- ২৯৪, ১৪.১১.১৯৯৫ তারিখের ডিড নং- ৩৩১৯ অনুযায়ী শ্রী সন্দীপ হাজরা ও শ্রীমতী মধুমিতা হাজরা, মেসার্স রাজলক্ষ্মী আলু কোম্পানির অংশীদারগণের নামে নিবন্ধীকৃত।<br>***পজেশন কনস্ট্রাকটিভ*** | (ক) ১৮.০৪.২০২২<br>(খ) ০৫.০৮.২০২২<br>(গ) পূর্বোক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত ১,১২,৩২,১৩২.৪৩ টাকা (এক কোটি বারো লাখ বত্রিশ হাজার একশো বত্রিশ টাকা ও তেতাল্লিশ পয়সা মাত্র) |
| ৮. | মেসার্স সোহম ট্রেডার্স, স্বত্বাধিকারী- বিভাস চৌধুরী<br>গ্রাম- নেটুর, পোঃ- ফুলুর, থানা- সাঁইথিয়া, বীরভূম, পিন- ৭৩১২৩৪<br>বিভাস চৌধুরী, পিতা- শিশির চৌধুরী<br>গ্রাম- নেটুর, পোঃ- ফুলুর, থানা- সাঁইথিয়া, বীরভূম, পিন- ৭৩১২৩৪<br>(জামিনদার / বন্ধকদার) : সুনরিতা নাগ চৌধুরী, স্বামী- বিভাস চৌধুরী<br>গ্রাম- নেটুর, পোঃ- ফুলুর, থানা- সাঁইথিয়া, বীরভূম, পিন- ৭৩১২৩৪ | কমবেশি ৬ ডেসিমল এলাকা বিশিষ্ট জমি ও বিল্ডিংয়ের সমস্ত অংশ, যেটি জেলা- বীরভূম, থানা- সাঁইথিয়া, পোঃ- ফুলুর, মৌজা- মুরাডিহি, জেএল নং- ৯৭, এলআর খতিয়ান নং- ৩৩৪৬, আরএস ও এলআর প্লট নং- ১৮৮৭/১৯৬৯, হোল্ডিং নং- ১০৮৫, ওয়ার্ড নং- ৭, সাঁইথিয়া পুরসভার আওতায়, রেজি. ডিড নং- ৫০৯০/২০১০ অনুযায়ী ডিএসআর- বীরভূমে বিভাস চৌধুরী, পিতা- শিশির চৌধুরির নামে নিবন্ধীকৃত।<br>***পজেশন কনস্ট্রাকটিভ*** | (ক) ০৭.০৩.২০২২<br>(খ) ২৬.০৫.২০২২<br>(গ) পূর্বোক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২৭,২৭,৭৩০.০০ টাকা (সাতাশ লাখ সাতাশ হাজার সাতশো ত্রিশ টাকা মাত্র) |
| ৯. | মিসেস পারভিন সুলতানা, স্বামী- সেখ নাসির মহম্মদ, ফ্ল্যাট নং- ১৭৯, রসিকপুর, লায়েকপাড়া, বর্ধমান- ৭১৩১০১<br>মি. সেখ নাসির মহম্মদ, ফ্ল্যাট নং- ১৭৯, রসিকপুর, লায়েকপাড়া, বর্ধমান- ৭১৩১০১ | কমবেশি ০.০১৬ একর এলাকা বিশিষ্ট বাস্তুজমি, যেটি জেলা- পূর্ব বর্ধমান, থানা- বর্ধমান, মৌজা- বহিরসর্বমঙ্গলা, ডিড নং- ২০১১ এর ১৯১৫, জেএল নং- ৪২, এলআর খতিয়ান নং- ৮৮০৩, এলআর প্লট নং- ১৫২৪০-তে নিবন্ধীকৃত।<br>***পজেশন কনস্ট্রাকটিভ*** | (ক) ০৬.০৭.২০২১<br>(খ) ৩০.১২.২০২১<br>(গ) পূর্বোক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত ৩২,১৫,১৭৬.০০ টাকা (বত্রিশ লাখ পনেরো হাজার একশো ছিয়াত্তর টাকা মাত্র) |
| ১০. | মেসার্স নিত্য ফুড প্রোডাক্টস, স্বত্বাধিকারী- মি. সুদীপ্ত দাস, প্রেমিসেস নং- ৩৯২, ছোটোমিত্র পাড়া, ওয়ার্ড নং- ১৩, কালনা, পূর্ব বর্ধমান, পিন- ৭১৩৪০৯<br>মি. সুদীপ্ত দাস, পিতা- মি. শান্তি দাস, ছোটোমিত্র পাড়া, ওয়ার্ড নং- ১৩, কালনা, পূর্ব বর্ধমান, পিন- ৭১৩৪০৯, মোবাইল : ৯৫৬৩১২০১১৩, ৭৯০৮৯০১১০৩<br>মি. শান্তি দাস, পিতা-নারায়ণ চন্দ্র দাস (জামিনদার ও বন্ধকদার- মেসার্স নিত্য ফুড প্রোডাক্ট), ছোটোমিত্র পাড়া, ওয়ার্ড নং- ১৩, কালনা, পূর্ব বর্ধমান, পিন- ৭১৩৪০৯, মোবাইল : ৯৬০৯৫৩৮৬৪০ | কমবেশি ৬.১২৫ শতক এলাকা বিশিষ্ট জমি ও বিল্ডিং এর সমস্ত অংশ, যেটি জেলা- বর্ধমান, থানা- কালনা, মৌজা- কালনা, জেএল নং- ১৬৪, আরএস খতিয়ান নং- ১১, এলআর খতিয়ান নং- ১৯১২ (ডিড অনুযায়ী), এলআর খতিয়ান নং- ১২১৯১ (পড়চা অনুযায়ী); আরএস দাগ নং- ১৭৪ ও এলআর দাগ নং- ৩৩৫৮, সেল ডিড নং- I-২১৫৯/২০০৬ অনুযায়ী শ্রী শান্তি দাস, পিতা- নারায়ণ চন্দ্র দাস এর নামে এডিএসআর কালনাতে নিবন্ধীকৃত।<br>***পজেশন কনস্ট্রাকটিভ*** | (ক) ২২.০৪.২০২৪<br>(খ) ০৫.০৭.২০২৪<br>(গ) পূর্বোক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত ৪৯,৭৪,৯৮২.২৯ টাকা (উনপঞ্চাশ লাখ চুয়াত্তর হাজার নয়শো বিরাশি টাকা ও উনত্রিশ পয়সা মাত্র) |

তারিখ : ২৭.০৯.২০২৫
স্থান : দুর্গাপুর

চিফ ম্যানেজার,
অনুমোদিত আধিকারিক, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

**সারফায়েসি অ্যাক্ট ২০০২-এর রুল নং - ৮(৬) অনুযায়ী জারি করা ইচ্ছাকৃত বিক্রয় বিজ্ঞপ্তি**